

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬

সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০৩.২৫.২০৩.২৩. ৪৮-৫

তারিখ : ০৪ অক্টোবর ২০২৩ খ্রি.

প্রেস রিলিজ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত ‘Fact Checking and Verification Techniques for Crime Reporters Association of Bangladesh’ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা ০৪ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখ ইনস্টিটিউটের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) নূরুন্ নাহার হেনা-এর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সাংবাদিক ও মিডিয়া ব্যক্তিত্ব আবুরুশদ মো. রুহুল আমিন, সিনিয়র নিউজ এডিটর, বাংলাভিশন।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক তাঁর বক্তব্যে বলেন, তথ্য প্রবাহের অবাধ গতি জনজীবনকে যেমন সহজ করেছে ঠিক তেমনি ভুয়া ও অপতথ্যের কারণে মানুষ প্রতারিত ও ক্ষতিগ্রস্ত হচ্ছে। তিনি আরও বলেন, আসন্ন জাতীয় নির্বাচনের আগে অপতথ্য প্রচারিত হলে নির্বাচন প্রভাবিত হতে পারে। তাই Fact Checking and Verification Techniques সম্পর্কে সাংবাদিকগণ সচেতন হলে জাতি উপকৃত হবে। তিনি ব্যক্তিস্বার্থের উর্ধ্বে গিয়ে জাতির উন্নয়ন সাধনে ভূমিকা রাখতে সাংবাদিকগণকে উৎসাহ প্রদান করেন।

প্রধান আলোচক আবুরুশদ মো. রুহুল আমিন -তাঁর আলোচনায় ভুয়া সংবাদ প্রচার প্রতিহত করার জন্য তথ্য যাচাইয়ের প্রতি গুরুত্ব আরোপ করেন। সেইসাথে তথ্য যাচাই-বাছাই করার বিভিন্ন টুলস, সফটওয়্যার সম্পর্কে সাংবাদিকদের হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করেন। ক্রাইম রিপোর্টারগণ খুব সংবেদনশীল ক্ষেত্রে কাজ করেন বলে এই ক্ষেত্রে Fact Checking-এর গুরুত্ব সম্পর্কে তিনি সাংবাদিকদের সচেতন করেন।

Crime Reporters Association of Bangladesh (CRAB)-এর সাধারণ সম্পাদক জনাব মামুনুর রশীদ জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট-কে এই কর্মশালা আয়োজনের জন্য ধন্যবাদ প্রদান করেন।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) মো. নজরুল ইসলাম অনুষ্ঠানটি সঞ্চালনা করেন।

অন্যান্যদের মধ্যে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের অতিরিক্ত মহাপরিচালক ফায়জুল হক, পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) ড. মো. মারুফ নাওয়াজ কর্মশালায় আলোচনা করেন। কর্মশালাটির পরিচালক হিসেবে ইনস্টিটিউটের উপপরিচালক নুসরাত জাবিন এবং সমন্বয়ক হিসেবে সহকারী পরিচালক সাইফুন্নাহার দায়িত্ব পালন করেন।

কর্মশালায় বাংলাদেশ ক্রাইম রিপোর্টার্স এসোসিয়েশন (ক্র্যাব) এর ৫০ জন প্রতিনিধি উপস্থিত ছিলেন।

(আবদুল হান্নান)

গণসংযোগ কর্মকর্তা

ফোন : ৫৫০৭৯৩৮-৪২

বিতরণ: সদয় কার্যার্থে

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ২। সভাপতি/ সাধারণ সম্পাদক, বাংলাদেশ ক্রাইম রিপোর্টার্স এসোসিয়েশন (ক্র্যাব)।
- ৩। প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। কার্যালয় নথি।